যুগান্তর

তারিখ 15 DEC 2017
পৃষ্ঠা ১ম কলাম ২

### বেসরকারি শিক্ষক নিবন্ধন

# নিয়োগ না হওয়া পর্যন্ত সনদের মেয়াদ থাকবে

যুগান্তর রিপোর্ট

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে নিবন্ধন সনদধারীদের নিয়োগ না হওয়া পর্যন্ত সনদের মেয়াদ বহাল থাকবে বলে রায় দিয়েছেন হাইকোর্ট। বৃহস্পতিবার এ বিষয়ে জারি করা রুল নিষ্পত্তি করে রায় দেন বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি মোহাম্মদউল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ। একই সঙ্গে মেধা তালিকার ক্ষেত্রে জেলা-উপজেলা কোটা বাদ দিয়ে কেন্দ্রীয়ভাবে তালিকা তৈরি করে তা ওয়েবসাইটে প্রকাশ করার নির্দেশ দিয়েছেন আদালত। আদালতে আবেদনের পক্ষে শুনানি করেন হুমায়ুন কবির, শাহাবুদ্দিন, ইশরাত হাসান প্রমুখ।

### নিবন্ধিত শিক্ষক নিয়োগে কোটা নয় : হাইকোর্ট

পরে হুমায়ন কবির জানান, হাইকোর্ট কয়েক দফা নির্দেশনা দিয়েছেন। সেগুলো হচ্ছে— নিবন্ধন সনদের মেয়াদ নির্ধারিত ৩ বছর নয়, নিয়োগ না হওয়া পর্যন্ত সনদের মেয়াদ থাকবে। জেলা-উপজেলা কোটা পদ্ধতি নয়, জাতীয়ভাবে মেধা তালিকা প্রণয়ন করতে হবে, যেটা হবে সমন্বিত মেধা তালিকা। এ তালিকা বেসরকারি শিক্ষক নিবন্ধন কর্তৃপক্ষের (এনসিআরসি) ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। যেন সবাই দেখতে পারে। রায় পাওয়ার ৯০ দিনের মধ্যে জাতীয় মেধা তালিকা প্রণয়ন করে রিটকারীদের পর্যায়ক্রমে নিয়োগ দিতে হবে। বেসরকারি শিক্ষক নিবন্ধন কর্তৃপক্ষের সুপারিশ অনুযায়ী নিয়োগ না দিলে ম্যানেজিং কমিটি বাতিল হবে। বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে চাকরিতে প্রবেশের বয়সসীমা নির্ধারণে সরকারকে ব্যবস্থা নিতে হবে।

বিধি চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট দায়ের করেন জামালপুরের সেলিম রেজাসহ ১৭২ জন নিবন্ধন সনদধারী। বিভিন্ন সময়ে আরও অনেক সনদধারী রিট করেন। আইনজীবীদের মতে এর সংখ্যা ১৫ থেকে ২০ হাজার হতে পারে। পরে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে নিবন্ধন সনদধারী শিক্ষক নিয়োগের ক্ষেত্রে উপজেলা, জেলা কোটা পদ্ধতি বাতিল নিয়ে রুল জারি করেন হাইকোর্ট। এছাড়া নিয়োগের ক্ষেত্রে কোটা পদ্ধতি সংবিধানের সঙ্গে কেন সাংঘর্ষিক হবে না, রুলে তা-ও জানতে চাওয়া হয়।